



এভাবেই গ্রামের মেয়েদের পাশে দাঁড়াচ্ছে 'বন্ধন'। ছবি: আজকাল

দুঃস্থ মহিলাদের পাশে 'বন্ধন'

আজকালের প্রতিবেদন

গ্রামের দুঃস্থ মহিলাদের ক্ষমতায়নে যাত্রার শুরু থেকেই কাজ করে চলেছে বন্ধন ব্যাঙ্ক। মহিলাদের স্বনির্ভর করতে ২০ বছরে নেওয়া হয়েছে একাধিক কর্মসূচি। এর মধ্যে উল্লেখযোগ্য হল 'বন্ধন এডুকেশন প্রোগ্রাম', 'বন্ধন ফিন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম', 'টার্গেটিং দ্য হার্ডকোর পুওর', 'বন্ধন হেল্থ প্রোগ্রাম'। এই কর্মসূচিগুলির মাধ্যমে মহিলাদের সাক্ষরতা, শিক্ষা, স্বাস্থ্য ও উপার্জনের ওপর জোর দেওয়া হয়েছে।

দারিদ্রসীমার নীচে থাকা মহিলাদের জন্য তৈরি হয়েছে 'টার্গেটিং দ্য হার্ডকোর পুওর'। দুঃস্থ মহিলারা যাতে দৈনিক রোজগার করে পরিবারের পাশে দাঁড়াতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। দোকান শুরু করতে চাইলে মূলধন দিয়ে সাহায্য করা হচ্ছে। আবার কাউকে হাঁস, মুরগি, গরু, ছাগল প্রভৃতি গৃহপালিত পশু কিনে দেওয়া হচ্ছে। কীভাবে তাঁরা রোজগার করবেন তার জন্য প্রাথমিক স্তরে শিক্ষা দিয়ে দেওয়া হচ্ছে। ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে এখনও পর্যন্ত দেশের ১ লক্ষ ১৮ হাজার ১২১ জন মহিলা এই কর্মসূচির সুবিধা পেয়েছেন। বন্ধন ব্যাঙ্কের ১ হাজার ৪৮২ জন কর্মী এই কর্মসূচির সঙ্গে যুক্ত রয়েছেন।

মহিলা ও শিশুদের স্বাস্থ্য সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে 'বন্ধন হেল্থ প্রোগ্রাম'

কর্মসূচির সঙ্গে কাজ করে চলেছেন ১২ হাজার কর্মী। প্রসূতি, সদ্যোজাত শিশুর মা এবং শিশুকন্যাদের পুষ্টির ওপর বিশেষ নজর দেওয়া হচ্ছে। নিয়মিত শারীরিক পরীক্ষা, প্রয়োজনে চিকিৎসার দিকটি যেমন দেখা হচ্ছে, সেরকমই গ্রামীণ মহিলাদের প্রশিক্ষণ দিয়ে স্বাস্থ্য সহায়িকা হিসেবে গড়ে তোলা হচ্ছে। এই সহায়িকারাই গ্রামের মহিলাদের স্বাস্থ্যের বিষয়ে সচেতন করছেন, প্রয়োজনে বিনামূল্যে ওষুধও তুলে দিচ্ছেন তাঁদের হাতে। প্রত্যন্ত গ্রামীণ এলাকায় পানীয় জলের সমস্যা থাকলে, সেখানে পরিশোধিত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজেও এগিয়ে এসেছে বন্ধন ব্যাঙ্ক। এই কর্মসূচিতে উপকৃত হয়েছেন দেশের ২০ লক্ষেরও বেশি মহিলা।

এছাড়াও শিশুদের শিক্ষা ও মহিলাদের প্রাথমিকভাবে অর্থ উপার্জনের শিক্ষা প্রসারের বন্ধন ব্যাঙ্ক নিয়েছে দুটি কর্মসূচি। একটি হলো 'বন্ধন এডুকেশন প্রোগ্রাম'। মেয়েদের শিক্ষা প্রসারের গ্রামীণ এলাকায় অবৈতনিক ছোট ছোট স্কুল তৈরি করা হয়েছে। বন্ধনের ৫৪০০টি স্কুলে ৪৪০ জন শিক্ষিকা নিযুক্ত রয়েছেন। পড়াশোনা করছে ১ লক্ষ ৬৬ হাজার ৬৪৫ জন শিশু। অন্যদিকে 'বন্ধন ফিন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম'—এ মহিলাদের আর্থিকভাবে স্বনির্ভর করার জন্য প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ক্ষুদ্রঋণের ব্যবহার, ব্যবসা চালানো, আয়-ব্যয়ের হিসেব রাখা শেখানো হয় হাতে কলমে। দেশে ৬ লক্ষেরও বেশি মহিলা বন্ধনের মাধ্যমে আর্থিক শিক্ষালাভ করে ক্ষুদ্র ব্যবসায় উন্নতি করেছেন।